

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ফেব্রুয়ারী ১৮, ১৯৯৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

জাতীয় মহিলা সংস্থা

১৪৬, নিউ বেইলী রোড, ঢাকা।

প্রচারণ

ভারিখ, ২৫শে জানুয়ারী ১৯০২/৭ই ফেব্রুয়ারী ১৯৯৬

ঐস, আর, ও, নং ২৪-আইন/৯৬—জাতীয় মহিলা সংস্থা আইন ১৯৯১ (১৯৯১ সনের
২ নং আইন) এবং ধান্বা ২৫ এ অদ্যত ক্ষমতাবলৈ সরকার নিম্নবর্ণিত বিধিমালা অন্তর্ভুক্ত করিল,
যথা—

প্রথম অধ্যায়

প্রারম্ভিক

১। সংক্ষিপ্ত শিরনাম ও অন্যোগ—(১) এই বিধিমালা জাতীয় মহিলা সংস্থা (কর্মকর্তা,
কর্মচারী) চাকুরী বিধিমালা ১৯৯৬ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা জাতীয় মহিলা সংস্থার সকল সার্বক্ষণিক কর্মকর্তা ও কর্মচারীর প্রতি
প্রযোজ্য হইবে, তবে সরকার বা স্থানীয় কর্তৃপক্ষ ইইতে প্রেষণে নিয়োজিত অধিবা চৰ্চাত বা খণ্ড-
কালীন ভিত্তিতে নিয়োজিত কর্মকর্তা, কর্মচারীগণের ক্ষেত্রে, এই বিধিমালার কোন কিছু প্রযোজ্য
বলিক্রা তাহাদের চাকুরীর শর্তে স্পষ্টভাবে উল্লিখিত না থাকিলে, ইহা প্রযোজ্য হইবে না।

(১৩১)

মুদ্রা : টাকা ১০.০০

২। সংজ্ঞা:—বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছি, না ধারিলে, এই বিধিমালার,—

- (ক) “অসদাচারণ” অর্থ’ চাকুরীর শৃঙ্খলা বা নিয়মের হানিকর আচরণ অথবা কোন কর্ম-কর্তা বা কর্মচারী বা ভদ্রজনের পক্ষে শোভনীয় নয় এমন আচরণ, এবং নিম্নবর্ণিত আচরণসমূহও এই সংজ্ঞার অন্তর্ভুক্ত হইবে, যথা :—
- (অ) উর্ধ্বতন কর্মকর্তার আইন সংগত আদেশ অমান্যকরণ;
- (আ) কর্তব্যে গুরুতর অবহেলা করা;
- (ই) কোন আইন সংগত কারণ ব্যাতিরেকে বে কোন উপরস্থ কর্মচারীর কোন আদেশ, পরিপন্থ বা নির্দেশের প্রতি অবজ্ঞা প্রদর্শন;
- (ঈ) কোন কর্তৃপক্ষের নিকট কোন কর্মকর্তা বা কর্মচারীর বিবৃত্যে বিচার বিবেচনাইন, বিরক্তিকর, মিথ্যা ও অসার অভিযোগ সম্বলিত দরখাস্ত বা অভিযোগ পেশ করা;
- (খ) “উপর্যুক্ত কর্তৃপক্ষ” অর্থ’ এই বিধিমালার অধীন নির্দিষ্ট কার্য’ নিষ্পত্তির জন্য উপর্যুক্ত কর্তৃপক্ষ হিসাবে সংস্থা কর্তৃক ঘোনাইত কোন বাস্তি বা ব্যাস্তি সমষ্টি;
- (গ) “কর্তৃপক্ষ” অর্থ’ নিয়োগকারী কর্তৃপক্ষ কিংবা উক্ত কর্তৃপক্ষের ক্ষমতা প্রয়োগ করার জন্য তৎকর্তৃক ঘোনাইত কোন কর্মকর্তা এবং উক্ত কর্মকর্তার উর্ধ্বতন বে কোন বাস্তি ও এই সংজ্ঞার অন্তর্ভুক্ত হইবেন;
- (ঘ) “কর্মচারী” অর্থ’ সংস্থার কোন কর্মচারী এবং বে কোন কর্মকর্তা ও ইহার অন্তর্ভুক্ত হইবেন;
- (ঙ) “ডিপ্রী” বা “সার্টিফিকেট’ অর্থ’ ক্ষেত্রমত স্বীকৃত বিশ্ববিদ্যালয়, স্বীকৃত প্রতিষ্ঠান, স্বীকৃত ইনসিটিউট বা স্বীকৃত বোর্ড কর্তৃক প্রদত্ত ডিপ্রী, বা শিক্ষাগতযোগাতা নির্দেশক সার্টিফিকেট এবং এই বিধিমালার উদ্দেশ্য প্রৱণকলে সংস্থা কর্তৃক স্বীকৃত উক্ত ডিপ্রী বা সার্টিফিকেট এর সমমানের শিক্ষাগতযোগাতা ও ইহার অন্তর্ভুক্ত হইবে;
- (চ) “তফসিল” অর্থ’ এই বিধিমালার তফসিল;
- (ছ) “নিয়োগকারী কর্তৃপক্ষ” অর্থ’ সংস্থার নির্বাহী কর্মিটি এবং কোন নির্দিষ্ট পদে নিয়োগের জন্য এতদ্দেশো তৎকর্তৃক ক্ষমতা প্রদত্ত হইলে অন্য কোন বাস্তি ও এই সংস্থার অন্তর্ভুক্ত হইবেন;
- (জ) “পদ” অর্থ’ তফসিলে উল্লিখিত কোন পদ;
- (ঘ) “প্রয়ায়ন” অর্থ’ বিনা অনুমতিতে চাকুরী বা কর্মসূল তাগ করা, অথবা ষাট দিন বা তদ্বৰ্ধ’ সময় ধারত কর্তব্য হইতে অনুপস্থিত থাকা, অথবা অনুমতিসহ কর্তব্যে অনুপস্থিতির ধারাবাহিকতায় অনুমোদিত মেরামের পর ষাট দিন বা তদ্বৰ্ধ’ সময় প্রদৰ্শ অনুমতি প্রদৰ্শ ব্যাতিরেকে অনুপস্থিত থাকা, অথবা বিনা অনুমতিতে দেশ তাগ এবং বিশ দিন বা তদ্বৰ্ধ’ সময় বিদেশে অবস্থান করা, অথবা, অনুমতিসহ দেশ তাগ করিবা বিনা অনুমতিতে অনুমোদিত সময়ের পর ষাট দিন বা তদ্বৰ্ধ’ সময় বিদেশে অবস্থান করা;
- (ঝ) “সংস্থা” অর্থ’ জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ এর অধীনে প্রতিষ্ঠিত জাতীয় মহিলা সংস্থা;

- (ট) "প্রয়োজনীয় ব্যোগ্যতা" অর্থ তফসিলে সংক্ষিপ্ত পদের বিপরীতে উল্লিখিত ব্যোগ্যতা;
- (ঠ) "বাছাই কমিটি" অর্থ কোন পদে নিরোগদানের সুপারিশ প্রদানের উদ্দেশ্যে এই বিধিমালার অধীন গঠিত কোন বাছাই কমিটি;
- (ড) "শিক্ষান্বিস" অর্থ কোন স্থায়ী শূল্য পদের বিপরীতে শিক্ষান্বিস হিসাবে নিরোগ-প্রাপ্ত কোন ব্যক্তি;
- (চ) "সম্মান" অর্থ মাঝে মাঝে প্রয়োজন হয় এইরূপ বিশেষ বা কষ্টসাধ্য কাজের স্বীকৃতস্বরূপ অনাবর্তক ধরণের প্রয়োজন;
- (ণ) "সাধারণ ছুটি" অর্থ সাম্প্রতিক ছুটি, প্রতিষ্ঠান কর্তৃক ঘোষিত ছুটি এবং সুরক্ষার্থী নির্বাহী আদেশবলে ঘোষিত কোন অনৰ্ধার্থিত ছুটি;
- (ঙ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা স্বীকৃত বোর্ড "স্বীকৃত প্রতিষ্ঠান" অর্থ আগামতঃ বলবৎ কোন আইনের স্থায়ী বা অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা শিক্ষা বোর্ড বা প্রতিষ্ঠান এবং এই বিধিমালার উদ্দেশ্য প্রয়োজন কর্তৃক সুরক্ষকল্পে, সুরক্ষার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা শিক্ষা বোর্ড বা কোন প্রতিষ্ঠান।

শ্বিতাঁর অধ্যায়

নিরোগ প্রথাতি, ইত্যাদি

৩। নিরোগ প্রথাতি।—(১) এই অধ্যায়, তফসিল এবং সংবিধানের ২৯(৩) নং অনুচ্ছেদের বিধান অনুসারে সুরক্ষার কর্তৃক নির্ধারিত কোটা সংক্রান্ত বিধানবলী সাপেক্ষে, স্থায়ীভাবে শূল্য হইয়াছে এইরূপ কোন পদে নিচ্ছব্দিত প্রথাতিতে নিরোগদান করা যাইবে, যথা:—

- (ক) সরাসরি নিরোগের মাধ্যমে;
- (খ) পদোমতির মাধ্যমে।

৪। বাছাই কমিটির সুপারিশ ব্যতীত নিরোগ নির্ধার্ষ।—সরাসরি বা পদোমতির মাধ্যমে নিরোগদানের সুপারিশ প্রদানের উদ্দেশ্যে সংস্থা এক বা একাধিক বাছাই কমিটি নিরোগ করিবে এবং বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কোন ব্যক্তিকে কোন পদে নিরোগ করা যাইবে না।

৫। সরাসরি নিরোগ।—(১) কোন ব্যক্তি কোন পদে সরাসরিভাবে নিরোগ লাভের জন্য উপযুক্ত বিবেচিত হইবেন না, যদি তিনি—

- (ক) বাংলাদেশের নাগরিক না হন; অথবা
- (খ) বাংলাদেশের নাগরিক নহেন, এইরূপ কোন ব্যক্তিকে বিবাহ করিয়া থাকেন বা বিবাহ করিবার জন্য প্রতিশ্রূতিবশ হইয়া থাকেন।

(২) কোন ব্যক্তি কোন পদে সরাসরিভাবে নিরুক্ত হইবেন না, যদি তাহার প্রয়োজনীয় ব্যোগ্যতা না থাকে এবং তাহার বয়সীয়া তফসিলে বর্ণিত বয়সীয়ার মধ্যে না হয়।

(୩) କୋଣ ପରେ ସରାସରିଭାବେ ନିରୋଗ କରା ହାଇବେ ନା, ବେ ପର୍ବତ ନା—

(କ) ଉଚ୍ଚ ପଦେ ନିରୋଗେର ଜନ୍ୟ ନିର୍ବାଚିତ ବ୍ୟକ୍ତିକେ କର୍ତ୍ତପକ୍ଷ କର୍ତ୍ତକ ଏତଦୁଷ୍ଟେଣ୍ୟ ନିର୍ବତ୍ତ ଚିକିତ୍ସା ପୂର୍ବ ବା ଚିକିତ୍ସକ ବ୍ୟାସ୍ୟଗତଭାବେ ଉପଯୁକ୍ତ ବଳିରା ପ୍ରତ୍ୟାରନ କରେନ; ଏବଂ

(ଖ) ଏଇରୁପ ନିର୍ବାଚିତ ବ୍ୟକ୍ତିର ଶ୍ଵର୍ବ କାର୍ଯ୍ୟକଳାପ ସଥାବୋଗ୍ୟ ଏଜେନ୍ସୀର ମାଧ୍ୟମେ ପ୍ରତିପାଦିତ ହୁଏ ଏବଂ ଦେଖା ବାର ଯେ, ଅଭିଷ୍ଠାନେର ଚାକୁରୀତେ ନିରୋଗ ଲାଭେ ଜନ୍ୟ ତିନି ଅନୁପର୍ବତ ନହେନ।

(୪) ସରାସରି ନିରୋଗେର କ୍ଷେତ୍ରେ, ସକଳ ପଦେର ଜନ୍ୟ ଦେଶେର ରାଜଧାନୀ ହାଇତେ ପ୍ରକାଶିତ ଅନ୍ତର୍ଜାଲେଟ ଦୈନିକ ପାତ୍ରକାର୍ଯ୍ୟ ପ୍ରକାଶିତ ବିଜ୍ଞାପନେର ମାଧ୍ୟମେ ମରଥାସ୍ତ ଆହ୍ସାନ କରା ହାଇବେ।

୬। ପଦୋମ୍ଭାତିର ମାଧ୍ୟମେ ନିରୋଗ—(୧) ଏଇ ବିଧିମାଲାର ଅନ୍ୟାନ୍ୟ ବିଧାନ ଓ ତଫଳିଶେର ବିଧାନାବଳୀ ସାପେକ୍ଷେ, କୋଣ କର୍ମଚାରୀକେ ପରବତ୍ୟୀ ଉଚ୍ଚତର ପରେ ପଦୋମ୍ଭାତିର ଜନ୍ୟ ବିବେଚନ କରା ହାଇତେ ପାରେ।

(୨) କେବଳମାତ୍ର ଜ୍ୟୋତିତାର କାରଣେ କୋଣ ବ୍ୟକ୍ତି ଅଧିକାର ହିସାବେ ତାହାର ପଦୋମ୍ଭାତିର ଦାବୀ କରିତେ ପାରିବେନ ନା।

(୩) ଜ୍ୟୋତିତା-ତଥା-ମେଧାର ଭିତ୍ତିତେ ପଦୋମ୍ଭାତିର ମାଧ୍ୟମେ ନିରୋଗ କରା ହାଇବେ, ତବେ ଚାକୁରୀର ବ୍ୟାପାର ମୁକ୍ତାଳ୍ପ ମନ୍ତ୍ରମାଲାର ଜନ୍ୟ ବାଛାଇ କରିଟି ସ୍କ୍ରାପିରିଶ କରିତେ ପାରେ, ଏବଂ ଏଇରୁପ କ୍ଷେତ୍ରେ ସଂହାର ଅନୁମୋଦନେର ପ୍ରାର୍ଥନ ହାଇବେ।

(୪) କୋଣ କର୍ମଚାରୀକେ ତାହାର ଅସାଧାରଣ କୃତିର, କର୍ତ୍ତବ୍ୟାନିଷ୍ଠା ଏବଂ ଚାକୁରୀକାଳେ ଉଚ୍ଚତର ପଦେର ଜନ୍ୟ ପ୍ରାର୍ଥନାରେ ପ୍ରେସାଗତ ପରୀକ୍ଷାର ଉତ୍ସୁରୀ ହେଉଥାର କାରଣେ ବ୍ୟାତତମ୍ଭୀ କ୍ଷେତ୍ର ହିସାବେ, ପାଲା ଅଭିଜ୍ଞମ କ୍ରତ୍ତଃ ପଦୋମ୍ଭାତି ଦେଓରାର ଜନ୍ୟ ବାଛାଇ କରିଟି ସ୍କ୍ରାପିରିଶ କରିତେ ପାରେ, ତବେ ଏଇରୁପ କ୍ଷେତ୍ରେ ସଂହାର ଅନୁମୋଦନେର ପ୍ରାର୍ଥନ ହାଇବେ।

(୧) ଶିକ୍ଷାନବିସି—(୧) କୋଣ ଶ୍ଵାରୀ ଶ୍ଵାର ପଦେର ବିଗରୀତେ ନିରୋଗେର ଜନ୍ୟ ବାଛାଇକୃତ କାରିତିକେ—

(କ) ସରାସରି ନିରୋଗେର କ୍ଷେତ୍ରେ ଦ୍ୱାରୀ ବଂସରେର ଜନ୍ୟ; ଏବଂ

(ଖ) ପଦୋମ୍ଭାତିର କ୍ଷେତ୍ରେ, ଉଚ୍ଚ ତାରିଖ ହାଇତେ ଏକ ବଂସରେର ଜନ୍ୟ ଶିକ୍ଷାନବିସି ହିସାବେ ନିରୋଗ କରା ହାଇବେ:

ତବେ ଶର୍ତ୍ତ ଥାକେ ଯେ, ନିରୋଗକାରୀ କର୍ତ୍ତପକ୍ଷ, କାରଣ ଲିପିବାଦ୍ୟ କାରିଯା କୋଣ ଶିକ୍ଷାନବିସିର ଶିକ୍ଷାନବିସି ମେଯାଦ ଏଇରୁପ ସଂପ୍ରତ୍ୟାମରଣ କରିତେ ପାରେ ଥାହାତେ ସମ୍ମର୍ତ୍ତମ ମେଯାଦ ସର୍ବଶାକୁଳ୍ୟ ଦ୍ୱାରୀ ବଂସରେର ଅଧିକ ନା ହୁଏ।

(୨) ଯେ କ୍ଷେତ୍ରେ କୋଣ ଶିକ୍ଷାନବିସିର ଶିକ୍ଷାନବିସି ମେଯାଦ ଚାଲାକାଳେ ନିରୋଗକାରୀ କର୍ତ୍ତପକ୍ଷ ମନେ କରେନ ଯେ, ତାହାର ଆଚାର ଆଚରଣ ଓ କର୍ମ ମନ୍ତ୍ରମାଲାର ନାହେ, କିମ୍ବା ତାହାର କର୍ମଦକ ହେଉଥାର ଶ୍ରମାବଳୀ ନାଇ ସେ କ୍ଷେତ୍ରେ ନିରୋଗକାରୀ କର୍ତ୍ତପକ୍ଷ—

(କ) ସରାସରି ନିରୋଗେର କ୍ଷେତ୍ରେ, ଶିକ୍ଷାନବିସିର ଚାକୁରୀର ଅବସାନ ଘଟାଇତେ ପାରିବେ;

(ଖ) ପଦୋମ୍ଭାତିର କ୍ଷେତ୍ରେ, ତାହାକେ ଯେ ପଦ ହାଇତେ ପଦୋମ୍ଭାତି ଦେଓରା ହଇଯାଇଲେ ମେହେ କ୍ଷୁଦ୍ରବର୍ତ୍ତନ କରାଇତେ ପାରିବେ।

(৩) শিক্ষান্বিত মেরাম, বৃদ্ধির ধারকে তাহাসহ সম্পূর্ণ হওয়ার পর নিরোগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই অর্থে সন্তুষ্ট হন যে, শিক্ষান্বিত মেরাম চলাকালে কোন শিক্ষান্বিতের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল তাহা হইলে উপ-বিধি (৪)-এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থানীয় করিবেন ; এবং

(খ) যদি মনে করেন যে উক্ত মেরাম চলাকালে শিক্ষান্বিতের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিরোগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন ;

(আ) পদোন্নতির ক্ষেত্রে তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছেন সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষান্বিতকে কোন পদে স্থানীয় করা হইবে না যদি তিনি উক্ত পদে স্থানীয় হওয়ার জন্য কোন পরীক্ষা বা প্রশিক্ষণ নির্ধারিত হইলে উক্ত পরীক্ষার পাস না করেন বা সফলতার সাহিত প্রশিক্ষণ গ্রহণ না করেন।

তৃতীয় অধ্যায়

চাকুরীর সাধারণ শর্তাবলী

৮। যোগদানের সময়—(১) অন্য চাকুরীসহলে বদলীর ক্ষেত্রে বা নতুন পদে যোগদানের জন্য কোন কর্মচারীকে নিম্নরূপ সময় দেওয়া হইবে, যথা :—

(ক) অস্তুরির অন্য ছুরি দিন ; এবং

(খ) ত্রুটি অতিবাহিত প্রয়োজনীয় সময় :

তবে শর্ত থাকে যে, উপরোক্ত সময়ের মধ্যে সাধারণ ছুটির দিন অন্তর্ভুক্ত হইবে না।

(২) উপ-বিধি (১) এ বাহা কিছুই ধারুক না কেন, যে ক্ষেত্রে বদলীর ফলে বদলীক্ত কর্মচারীকে তাহার নতুন কর্মসহলে যোগদানের উদ্দেশ্যে বাসন্তান পরিবর্তন করিতে না হয়, সে ক্ষেত্রে নতুন কর্মসহলে যোগদানের জন্য এক দিনের বেশী সময় দেওয়া হইবে না ; এবং এই উপ-বিধির উদ্দেশ্য প্রবণকলে সাম্প্রতিক বা সাধারণ ছুটির দিনকেও উক্ত যোগদানের সময়ের মধ্যে অন্তর্ভুক্ত করা হইবে।

(৩) কোন বিশেষ ক্ষেত্রে উপরোক্ত কর্তৃপক্ষ উপ-বিধি (১) ও (২) এর অধীনে আপ্য যোগদানের সময় ছুটি বা বৃক্ষ করিতে পারিবে।

(৪) কোন কর্মচারী এক চাকুরীসহল হইতে অন্য বদলী হইলে অথবা চাকুরীসহল পরিবর্তন করিতে হয় এমন কোন নতুন পদে নিরোগপ্রাপ্ত হইলে তাহার প্রত্যাতন চাকুরীসহল হইতে অথবা যে স্থানে তিনি নিরোগের বা বদলীর আদেশ পাইয়াছেন সেই স্থান হইতে, যাহা কর্মচারীর জন্য অধিকতর সুবিধাজনক হয় তাহার যোগদানের সময় গণনা করা হইবে।

(৫) কোন কর্মচারী এক চাকুরীসহল হইতে অন্য চাকুরীসহলে বা এক পদ হইতে অন্য পদে যোগদানের অন্তর্ভুক্তীকালীন সময়ে মৌড়কাল সার্টিফিকেট পেশ না করিয়া ছুটি গ্রহণ করিলে তাহার দারিদ্র্যভাব হস্তান্তর করিবার পর হইতে ছুটি গ্রহণ পৰ্বন্ত যে সময় অতিবাহিত হয় তাহাও অন্তর্ভুক্ত হইবে।

(৬) এক কৰ্মসূল হইতে অন্য কৰ্মসূলে বদলীৰ ব্যাপারে কোন বিশেষ ক্ষেত্ৰে এই বিধিমালাৰ বিধান অপৰ্যাপ্ত প্রতীয়মান হইলে সেই ক্ষেত্ৰে সৱকাৰী কৰ্মচাৰীদেৱ বেলায় প্ৰযোজ্য বিধি বা আদেশ প্ৰয়োজনীয় অভিযোজনসহ প্ৰযোজ্য হইবে।

৯। বেতন ও ভাতা।—সৱকাৰ বা সৱকাৰেৱ নিৰ্দেশেৱ আলোকে সংস্থা বিভিন্ন সময়ে
বেৱৰ্প নিৰ্ধাৰণ কৰিবে কৰ্মচাৰীদেৱ বেতন ও ভাতা সেইবৰ্প হইবে।

১০। প্ৰারম্ভিক বেতন।—(১) কোন পদে কোন কৰ্মচাৰীকে প্ৰথম নিৱোগেৱ সময় উক্ত পদেৱ
অন্য নিৰ্ধাৰিত বেতনক্ষমেৱ সৱনিম্ন স্তৱই হইবে তাহাৰ প্ৰারম্ভিক বেতন।

(২) কোন বাঞ্ছিকে তাহাৰ বিশেষ মেধাৰ স্বীকৃতিস্বৰূপ সংশ্লিষ্ট বাছাই কমিটিৰ
সংপারিশেৱ ভিত্তিতে উচ্চতৰ প্ৰারম্ভিক বেতন প্ৰদান কৰা যাইতে পাৰে।

(৩) সৱকাৰ ইহাৰ কৰ্মচাৰীদেৱ বেতন সংৱক্ষণেৱ উদ্দেশ্যে সময় সময় যে নিৰ্দেশাবলী
আৱৰ্তন কৰে তদন্মোদেৱ সংস্থাৰ সকল কৰ্মকৰ্তা ও কৰ্মচাৰীদেৱ বেতন সংৱক্ষণ কৰা যাইতে পাৰে।

১১। বেতন বৰ্ধন।—(১) কোন কাৰণে বেতন বৰ্ধন স্থগিত রাখা না হইলে, সাধাৱণতঃ
প্রতি বৎসৱ নিৰ্ধাৰিত হারে প্ৰত্যেক কৰ্মচাৰীৰ বেতন বৰ্ধিত হইবে।

(২) বেতন বৰ্ধন স্থগিত রাখা হইলে, উহা যে মেৰাদ পৰ্যন্ত স্থগিত রাখা হৈ স্থগিতকাৰী
কৰ্তৃপক্ষ, সংশ্লিষ্ট আদেশে, সেই মেৰাদ উল্লেখ কৰিবে।

(৩) কোন শিক্ষানৰ্বিস সাফল্যজনকভাৱে শিক্ষানৰ্বিসিকাল সমাপ্ত না কৰিলে তিনি বেতন
বৰ্ধনেৰ অধিকাৰী হইবে না।

(৪) প্ৰশংসনীয় বা অসাধাৱণ কৰ্মেৱ অন্য সংস্থাৰ কোন কৰ্মচাৰীকে এক সংগে অনধিক
দাইটি বিশেষ বেতন বৰ্ধন মজুৰ কৰিবলৈ পাৰিবে।

(৫) যে ক্ষেত্ৰে কোন কৰ্মচাৰীৰ বেতনক্ষমে দক্ষতা সীমা: নিৰ্ধাৰিত রাহিয়াছে সেক্ষেত্ৰে
উপযুক্ত কৰ্তৃপক্ষেৱ সম্ভিতক্ষমে দক্ষতাসীমা অতিক্ৰম কৰাবল অনুমোদন দেওয়া যাইবে।

১২। জোষ্ঠতা।—(১) এই বিধিৰ অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, কোন পদে কোন কৰ্মচাৰীৰ
জোষ্ঠতা সেই পদে তাহাৰ যোগদানেৱ তাৰিখ হইতে গণনা কৰা হইবে।

(২) একই সময়ে একাধিক কৰ্মচাৰী নিৱোগপ্ৰাপ্ত হইলে, নিৱোগকাৰী কৰ্তৃপক্ষ সংশ্লিষ্ট
বাছাই কমিটি কৰ্তৃক অন্তুতক্ত মেধা তাৰিকাভিত্তিক সংপারিশ অনুমোদন উক্ত কৰ্মচাৰীদেৱ
প্ৰারম্ভিক জোষ্ঠতা স্থিৰ কৰিবে।

(৩) একই বৎসৱে সৱাসিৰ নিৱোগপ্ৰাপ্ত ও পদোন্তিপ্ৰাপ্ত ব্যক্তিগণেৱ মধ্যে পদোন্তিপ্ৰাপ্ত
ব্যক্তিগণ জোষ্ঠ হইবেন।

(৪) একাধিক বাঞ্ছিকে একই সময়ে পদোন্তিপ্ৰাপ্ত দেওয়া হইলে যে পদ হইতে পদোন্তিপ্ৰাপ্ত
দেওয়া হইয়াছে সেই পদে তাহাদেৱ পাৱলপৰিক জোষ্ঠতাৰ ভিত্তিতে উচ্চতৰ পদে তাহাদেৱ
পাৱলপৰিক জোষ্ঠতা স্থিৰ কৰা হইবে।

(৫) সংস্থা সম-বেতনক্রমভূক্ত কর্মচারীদের জ্যেষ্ঠতা তালিকা রক্ষণাবেক্ষণ কৰিবে এবং সময় সময় তাদের অবগতিৰ জন্য এইরূপ তালিকা প্রকাশ কৰিবে।

(৬) Government Servants (Seniority of Freedom Fighter) Rules, 1979
এৰ বিধানসম্হ উহাতে প্ৰয়োজনীয় অভিযোগন বা সংশোধনসহ, সংস্থার কর্মচারীদেৱ ক্ষেত্ৰে প্ৰযোজ্য হইবে।

১৩। পদোন্নতিৰ ক্ষেত্ৰে বেতন।—কোন কর্মচারীৰ পদোন্নতিৰ ক্ষেত্ৰে বে পদে তাহাকে পদোন্নতি প্ৰদান কৰা হৰ সাধাৰণতঃ সেই পদেৰ জন্য নিৰ্ধাৰিত বেতনক্রমেৰ সৰ্বীনাম স্তৰে তাহার বেতন নিৰ্ধাৰিত হইবে এবং উক্ত সৰ্বীনাম বেতন অপেক্ষা তাহার প্ৰাৰ্থন পদে প্ৰাপ্ত ক্ষেত্ৰেৰ বেতন উচ্চতাৰ হইলে, উচ্চতাৰ পদেৰ জন্য প্ৰাপ্ত বেতনক্রমে তাহার প্ৰাৰ্থন পদেৰ মূল বেতনেৰ অব্যৱহৃত উপরেৰ স্তৰে তাহার বেতন নিৰ্ধাৰিত হইবে।

১৪। প্ৰেৰণ ও প্ৰৱৰ্ত্তন।—(১) উপ-বিধি (২) এৰ বিধান সাপোকে সংস্থা থাই বলি কৰে বে, উহা কোন কর্মচারী পারদৰ্শীত বা তৎকৃত গৃহীত বিশেষ প্ৰশঞ্জন অন্য কোন সংস্থা, আওতাপৰ হাওলাত প্ৰহণকাৰী সংস্থা বলিয়া উলিলিখিত, এৰ জন্য প্ৰয়োজনীয়, তাহা হইলে সংস্থা এবং হাওলাত প্ৰহণকাৰী সংস্থার মধ্যে পাৰস্পৰিকভাৱে সমত মেয়াদে ও শৰ্তাবধীনে উক্ত সংস্থার অনুৰূপ বা সমামানেৰ পদে প্ৰেৰণে কৰ্মৱত থাকিবাৰ জন্য উপযুক্ত কৰ্তৃপক্ষ উক্ত কর্মচারীকে নিৰ্দেশ দিতে পাৰেঃ

তাৰে শাৰ্ট থাকে বে, কোন কর্মচারীকে তাহার সম্মতি বাঢ়িৱেকে প্ৰেৰণে কৰ্মৱত থাকিবাৰ নিৰ্দেশ দেওয়া হইবে না।

(২) হাওলাত প্ৰহণকাৰী সংস্থা সংস্থার কোন কর্মচারীৰ চাকুৱৰীৰ আবশ্যকতা আপন কৰিবয়া অনুৰোধ কৰিলে, সংস্থা উক্ত কর্মচারীৰ সম্মতি লইয়া হাওলাত প্ৰহণকাৰী সংস্থা কৰ্তৃক উলিলিখিত শৰ্তাবলীৰ ভিত্তিতে তাহার প্ৰেৰণেৰ শৰ্তাবলী নিৰ্ধাৰণ কৰিবে।

(৩) উপ-প্ৰবিধান (২) তে যাহা কিছুই ধাৰক না কৈল, প্ৰেৰণেৰ শৰ্তাবলীতে নিম্নোক্ত বিষয়সমূহ অনুভূত থাকিতে হইবে যথা :—

(ক) প্ৰেৰণেৰ সময়কাল, যাহা বাতিতমী কৰে ছাড়া, তিনি বৎসৱেৰ অধিক হইবে না;

(খ) সংস্থা চাকুৱৰীতে উক্ত কর্মচারীৰ প্ৰৱৰ্ত্তন সংৰক্ষিত থাকিবে এবং প্ৰেৰণেৰ মেয়াদাত্তে অপৰ উক্ত মেয়াদেৰ প্ৰৱে, ইহার অবসান ঘটিলে, তিনি সংস্থার চাকুৱৰীতে প্ৰত্যাবৰ্তন কৰিবেন;

(গ) হাওলাত প্ৰহণকাৰী সংস্থা তাহার সাধাৰণ ভৱিষ্য তহবিল ও প্ৰেৰণ, ছুটিৰ বেতন, থাই থাকে, বাবদ প্ৰাপ্ত অর্থ পৰিশোধেৰ নিচৰতা বিধান কৰিবে।

(৪) কোন কর্মচারী প্ৰেৰণে ধাকাকালে তিনি সংস্থার পদোন্নতিৰ জন্য বিবেচনাযোগ্য হইলে, তাহার পদোন্নতিৰ বিবৰণটি অন্যান্যদেৱ সংগে একত্ৰ বিবেচনা কৰা হইবে এবং পদোন্নতি কাৰ্য্যকৰ কৰিবাৰ জন্য তাহাকে প্ৰতিষ্ঠানে প্ৰত্যাবৰ্তন কৰাইতে হইবে।

(৫) কোন কৰ্মকৰ্তা প্ৰেৰণে ধাকাকালে তাহার পদোন্নতিৰ কাৰ্য্যকৰ কৰাৰ উল্লেখো সংস্থা তাহাকে ফেৰৎ চাহিলে, তিনি থাই যথা সময়ে ফেৰৎ না আসেন, তাহা হইলে পদোন্নতি প্ৰদত্ত পদে তাহার জ্যেষ্ঠতা উক্ত পদে তাহার প্ৰকৃত যোগদানেৰ ভাৰিখ হইতে গণনা কৰা হইবে।

(৬) যদি কোন কর্মচারীকে হাওলাত গ্রহণকারী সংস্থার স্বার্থে প্রেষণে থাকিবার অনুমতি দেওয়া হয়, তাহা হইলে প্রেষণে থাকাকালে উক্ত কর্মচারীকে পদোন্নীত দেওয়া বাইতে পারে; এবং এইরূপ ক্ষেত্রে কোন আর্থিক সংবিধা ছাড়াই সরকারী কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য 'Next below Rule' অন্যায়ী পদোন্নীতি প্রদত্ত পদে তাহার জ্ঞান্ততা রক্ষা করা হইবে।

(৭) শ্রেণিলাভালক ব্যবস্থার ব্যাপারে হাওলাত গ্রহণকারী সংস্থা প্রেষণে কর্মরত কর্মচারীর বিবর্ণ্যে শ্রেণিলাভালক কার্যক্রম সচেতন করার উদ্দেশ্যে কর্তৃপক্ষের ক্ষমতা প্রয়োগ করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, যে অবস্থার পরিপ্রেক্ষিতে শ্রেণিলাভালক কার্যক্রম সচেতন করা হইয়াছে তাহা হাওলাত গ্রহণকারী সংস্থা প্রতিষ্ঠানকে অবিলম্বে অবহিত করিবে।

(৮) প্রেষণে কর্মরত কোন কর্মচারীর বিবর্ণ্যে স্বচ্ছ শ্রেণিলাভালক কার্যধারার প্রস্তুত তথ্যের ভিত্তিতে হাওলাত গ্রহণকারী সংস্থা যদি এইরূপ অভিমত পোষণ করে যে, তাহার উপর কোন দণ্ড আরোপ কর্তা আবশ্যিক, তাহা হইলে উক্ত সংস্থা উহার রেকর্ডসমূহ সংস্থার নিকট প্রেরণ করিবে এবং অতঃপর সংস্থা সেইরূপ প্রয়োজন বলিয়া মনে করে সেইরূপ আদেশ প্রদান করিবে।

চতুর্থ অধ্যায়

ছুটি ইত্যাদি

১৫। ছুটি।—(১) সকল শ্রেণীর কর্মচারীকে নিম্নবর্ণিত বে কোন ধরণের ছুটি প্রদান করা বাইতে পারে, যথা:—

- (ক) প্রশ্ন বেতনে ছুটি;
- (খ) অর্থ বেতনে ছুটি;
- (গ) বিনা বেতনে অসাধারণ ছুটি;
- (ঘ) বিশেষ অক্ষমতাজনিত ছুটি;
- (ঙ) সংগ্রহোধ ছুটি;
- (চ) প্রস্তুতি ছুটি;
- (ছ) নৈমিত্তিক ছুটি;
- (জ) অধ্যায়ন ছুটি;
- (ঝ) অবসর প্রস্তুতির ছুটি।

(২) উপরুক্ত কর্তৃপক্ষ কোন কর্মচারীকে বিশেষ অক্ষমতাজনিত ছুটি ও অধ্যায়ন ছুটি যতোত অন্যায় ছুটি মঞ্জুর করিতে পারে এবং ইহা সাধারণ ছুটির দিনের সাথে সংযুক্ত করিয়াও প্রদান করা বাইবে।

(৩) নিচৰ্বাহী কার্মিটির প্রার্বন্দুমোদন লইয়া উপরুক্ত কর্তৃপক্ষ বিশেষ অক্ষমতাজনিত ছুটি ও অধ্যায়ন ছুটি মঞ্জুর করিতে পারিবে।

১৬। প্রশ্ন বেতনে ছুটি।—(১) প্রতোক কর্মচারী তৎকর্তৃক দায়িত্ব পালনে আত্মবাহিত কার্য দিবসের ১১/১ হাতে প্রশ্ন বেতনে ছুটি অর্জন করিবেন এবং প্রশ্ন বেতনে খাপ্য এককালীন ছুটির পরিমাণ ৪ (চার) মাসের আধিক হইবে না।

(২) উপরিবিধি (১) এর অধীন অঙ্গীত ছুটির পরিমাণ চার মাসের অধিক হইলে, তাহা সংশ্লিষ্ট কর্মচারীর ছুটির হিসাবে একটি প্রথম খাতে জমা দেখানো হইবে, ডাক্তারী সার্টিফিকেট উপস্থাপন সাপেক্ষে, অথবা বাংলাদেশের বাহিনী ধর্মীয় সফর, অধ্যয়ন বা অবকাশ ও চিকিৎসনের জন্য উক্ত জমাকৃত ছুটি হইতে প্রাচৰ বেতনে ছুটি মজুর করা যাইতে পারে।

১৭। অর্থ বেতনে ছুটি।—(১) প্রত্যেক কর্মচারী তৎকর্তৃক দায়িত্ব পালনে অভিযাহিত কায়দাদিসের ১/১১ হারে অর্থ বেতনে ছুটি অর্জন করিবেন এবং এইরূপ ছুটি জমা হওয়ার কোন সীমা ধারিবে না।

(২) অর্থ বেতনে দুই দিনের ছুটির পরিবর্তে, ডাক্তারী সার্টিফিকেট দায়িত্ব সাপেক্ষে, এক দিনের প্রাচৰ বেতনে ছুটির হারে গড় বেতনে এইরূপ ছুটিকে সর্বোচ্চ বার মাস পর্যন্ত প্রাচৰ বেতনে ছুটিতে রূপান্তরিত করা যাইতে পারে।

১৮। প্রাপ্যতাবিহীন ছুটি।—(১) ডাক্তারী সার্টিফিকেট দ্বারা সমর্থিত হইলে কোন কর্মচারীকে তাহার সমগ্র চাকুরী জীবনে সর্বোচ্চ বার মাস পর্যন্ত এবং অন্য কোন কারণে হইলে তিনি মাস পর্যন্ত অর্থ বেতনে প্রাপ্যতাবিহীন ছুটি মজুর করা যাইতে পারে।

(২) কোন কর্মচারী তাহার ছুটি পাওনা হওয়ার প্রবেশি প্রাপ্যতাবিহীন ছুটি ভোগ করিবার ফিরিয়া আসিলে, তিনি উক্ত ভোগকৃত ছুটির সমান ছুটি পাইবার অধিকারী না হওয়া পর্যন্ত, ন্যূনতমভাবে উপরিবিধি (১) এর অধীনে কোন ছুটি পাইবার অধিকারী হইবেন না।

১৯। বিনা বেতনে অসাধারণ ছুটি।—(১) বখন কোন কর্মচারীর অন্য কোন ছুটি পাওনা থাকে না অথবা অন্য প্রকার কোন ছুটি পাওনা থাকে অথবা সংশ্লিষ্ট কর্মচারী লিখিতভাবে বিনা বেতনে অসাধারণ ছুটির জন্য আবেদন করেন তখন তাহাকে বিনা বেতনে অসাধারণ ছুটি মজুর করা যাইতে পারে।

(২) বিনা বেতনে অসাধারণ ছুটির মেয়াদ একাধারে তিনি মাসের অধিক হইবে না, তবে নিম্নবর্ণিত ক্ষেত্রে উক্ত ছুটির মেয়াদ বর্ধিত করা যাইতে পারে, যথা:—

(ক) যে ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারী এই শর্তে বিদেশে প্রশিক্ষণ গ্রহণের অনুমতিপ্রাপ্ত হন যে, উক্ত প্রশিক্ষণ গ্রহণের পরে পাঁচ বৎসরের জন্য তিনি সংস্থার চাকুরী করিবেন, অথবা

(খ) যে ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারী চিকিৎসাধীন থাকেন, অথবা

(গ) যে ক্ষেত্রে উপবর্জক কর্তৃপক্ষ এই মর্মে সম্মত হন যে, উক্ত কর্মচারী তাহার নিয়ন্ত্রণ বিহীনভূত কারণে কর্তৃব্যে ঝোগদান করিতে অসমর্থ।

(৩) উপর্যুক্ত কর্তৃপক্ষ কোন কর্মচারীর বিনা ছুটিতে অনুপস্থিতির সময়কে ত্বরাপেক্ষ কার্যকারিতাসহ বিনা বেতনে অসাধারণ ছুটিতে রূপান্তরিত করিতে পারে।

২০। বিশেষ অক্ষয়জানিত ছুটি।—(১) কোন কর্মচারী তাহার ব্যাধাবধ কর্তৃব্য পালনকালে, বা উহা পালনের পরিণামিতে অথবা তাহার পদে অধিষ্ঠিত থাকিবার কারণে আঘাতপ্রাপ্ত হইয়া ন্যূনের পালনে অক্ষয় হইলে, বিধি ১৫(৩) অনুসারে উপবর্জক কর্তৃপক্ষ তাহাকে বিশেষ অক্ষয়জানিত ছুটি মজুর করিতে পারে।

(২) যে অক্ষমতার কারণে বিশেষ অক্ষমতাজনিত ছুটি চাওয়া হয় সেই অক্ষমতা তিন মাসের সম্মে প্রকাশ না পাইলে এবং যে ব্যক্তি অক্ষম হন সেই ব্যক্তি উক্ত অক্ষমতার কারণ অবিলম্বে উপযুক্ত কর্তৃপক্ষকে অবহিত না করিলে, বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঙ্গুর করা হইবে না।

(৩) যে মেয়াদের জন্য বিশেষ অক্ষমতাজনিত ছুটি প্রয়োজনীয় বলিয়া এতদৃশেশো কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত চিকিৎসক প্রত্যয়ন করিবে সেই মেয়াদের জন্য উক্ত ছুটি মঙ্গুর করা হইবে, উক্ত চিকিৎসকের প্রত্যয়ন ব্যতিরেকে তাহা উপযুক্ত কর্তৃপক্ষ বিধিত করিবে না এবং এইরূপ ছুটি কোনক্ষণেই ২৪ মাসের অধিক হইবে না।

(৪) বিশেষ অক্ষমতাজনিত ছুটি অন্য যে কোন ছুটির সংগে সংযুক্ত করা যাইতে পারে।

(৫) যদি একই ধরণের অবস্থার পরবর্তী কোন সময়ে অক্ষমতা বৃদ্ধি পায় বা উহার প্রস্তুতি ঘটে, তাহা হইলে একাধিকবার বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঙ্গুর করা যাইবে, তবে এইরূপ একাধিকবার মঙ্গুরীকৃত ছুটির পরিমাণ ২৪ মাসের অধিক হইবে না এবং এইরূপ ছুটি যে কোন একটি অক্ষমতার কারণেও মঙ্গুর করা যাইবে।

(৬) শুধুমাত্র আন্তোষিকের এবং যে ক্ষেত্রে অবসর ভাতা প্রাপ্ত হয় সে ক্ষেত্রে অবসর ভাতার ব্যাপারে চাকুরী হিসাব করিবার সময় বিশেষ অক্ষমতাজনিত ছুটি কর্তৃব্য পালনের সময় হিসাবে গণনা করা হইবে এবং ইহা ছুটির হিসাব হইতে বিরোজন করা হইবে না।

(৭) বিশেষ অক্ষমতাজনিত ছুটিকালীন বেতন হইবে নিম্নরূপ, যথা:—

(ক) উপ-বিধি (৫) এর অধীনে মঙ্গুরীকৃত ছুটির মেয়াদ সহ যে কোন মেয়াদে ছুটির প্রথম চারি মাসের জন্য পূর্ণ বেতন; এবং

(খ) এইরূপ ছুটির অবশিষ্ট মেয়াদের জন্য অর্ধবেতন।

(৮) এই বিধির অন্যান্য বিধানসভারের প্রযোজ্যতা এমন কর্মচারীর ক্ষেত্রে সম্পূর্ণার্থ করা যাইতে পারে যিনি তাহার ব্যাধি কর্তৃব্য পালনকালে, বা উহা পালনের পরিণতিতে, অথবা তাহার পদে অধিষ্ঠিত থাকিবার কারণে, দুর্ঘটনাবশতঃ আঘাতপ্রাপ্ত হইয়াছেন অথবা যিনি নির্দিষ্ট কোন কর্তৃব্য পালনকালে, তাহার পদের স্বাভাবিক ধৰ্ম বিহীন কর্তৃত অসুস্থিতা বা জ্বর বাড়াইয়া তৈলাক্রম সম্ভবনা থাকে, এইরূপ অসুস্থিতা বা জ্বরের দর্বন অক্ষম হইয়াছেন।

২১। সংপ্রদায় ছুটি।—(১) কোন কর্তৃচারীর পরিবারে বা গ্রাম সংস্থামূলক ব্যাধি থাকার কারণে যদি উপযুক্ত কর্তৃপক্ষের আদেশ দ্বারা তাহাকে অবিলম্বে উপস্থিত না হওয়ার জন্য নিম্নোক্ত সময় হয়, তবে যে সময়ের জন্য উক্তরূপ নিম্নোক্ত কার্যকর থাকে সেই সময়কাল হইবে সংপ্রদায় ছুটি।

(২) অক্ষম প্রধান কোন চিকিৎসা কর্মকর্তা বা জনস্বাস্থ্য কর্মকর্তার সামুদায়িকে এর পীড়িতে অন্তর্ভুক্ত ২১ দিন অথবা অস্বাভাবিক অবস্থার অন্তর্ভুক্ত ৩০ দিনের জন্য সংগৃহোধ ছুটি মঙ্গুর করিতে পারেন।

(৩) সংগৃহোধের জন্য উপ-বিধি (২) এ উল্লিখিত মেয়াদের অতিরিক্ত ছুটি প্রয়োজন হইলে, উহা উপযুক্ত কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনস্বারে এই বিধিমালার অধীন অন্য কোন প্রকার ছুটি হিসাবে গণ্য হইবে।

(৪) এই বিধিমালা অন্যবারী প্রাপ্ত সর্বাধিক ছুটি সাপেক্ষে, প্রয়োজন হইলে অন্যাধিক ছুটির সুহিত সংগৃহোধ ছুটি মঙ্গুর করা যাইতে পারে।

(৫) সংগৰোধ ছুটিতে ধাকাকালে কোন কৰ্মচাৰীকে তাহার সৰ্বাই পালনে অনুপস্থিত বলিয়া গণ্য কৰা হইবে না, এবং যখন কোন কৰ্মচাৰী নিজেই সংক্ষমক ব্যাধিতে আক্রান্ত হন, তখন তাহাকে এইরূপ ছুটি দেওয়া যাইবে না।

২২। প্ৰস্তুতি ছুটি।—(১) কোন কৰ্মচাৰীকে প্ৰথম বেতনে সৰ্বাধিক তিনি মাস পৰ্যন্ত প্ৰাণীটি ছুটি মজুর কৰা যাইতে পাৰে এবং উহা তাহার পাওনা ছুটিৰ হিসাব হইতে বাদ দেওয়া বাইবে না।

(২) প্ৰস্তুতি ছুটি মজুরীৰ অনুৰোধ কোন নিৰ্বাচিত চিকিৎসক কৰ্ত্তক সমৰ্থিত হইলে, উপযুক্ত কৰ্ত্তৃপক্ষৰ বিবেচনামতে কৰ্মচাৰীৰ প্ৰাপ্য অন্য যে কোন ছুটিৰ সহিত একত্ৰে বা উহা প্ৰসাৱিত কৰিয়া মজুর কৰা যাইতে পাৰে।

(৩) সংস্থাৰ কোন কৰ্মচাৰীৰ সম্পূৰ্ণ চাকুৱাঁ জৰীবনে তাহাকে দুই বাবেৰ অধিক প্ৰস্তুতি ছুটি মজুর কৰা যাইবে না।

২৩। অবসৱ প্ৰস্তুতি ছুটি।—(১) অবসৱ গ্ৰহণেৰ জন্য প্ৰস্তুতিমূলক ছুটি হিসাবে কোন কৰ্মচাৰী এক বৎসৱ ছুটি ভোগ কৰিতে পাৰেন।

(২) উপ-প্ৰাবিধান (১) এৰ অধীনে ছুটি ভোগ কৰাকালে কোন কৰ্মচাৰী তাহার সৰ্বশেষ বেতনেৰ হিসাবে ছয় মাসেৰ প্ৰথম বেতন এবং বাকী ছয় মাস উক্ত সৰ্বশেষ বেতনেৰ অধৰ্মক বেতন পাইবেন।

(৩) উপ-প্ৰাবিধান (২) এৰ অধীনে অবসৱ প্ৰস্তুতি ছুটি মজুরীৰ পৰ কোন কৰ্মচাৰীৰ অজীৱ ছুটি বিধি ১৬ ও ১৭ অনুসৱে প্ৰাপ্য ধাৰ্মিকলৈ তিনি উক্ত ছুটিৰ অনধিক বাৰ মাস পৰ্যন্ত নথিদায়ন গ্ৰহণ কৰিতে পাৰিবেন।

(৪) কোন কৰ্মচাৰী তাহার অবসৱ গ্ৰহণেৰ তাৰিখেৰ কমপক্ষে ১ (এক) মাস পৰ্যন্ত অবসৱ প্ৰস্তুতি ছুটিৰ জন্য আবেদন কৰিবেন।

(৫) কোন কৰ্মচাৰী তাহার অবসৱ গ্ৰহণেৰ তাৰিখেৰ কমপক্ষে এক দিন পৰ্যন্ত অবসৱ প্ৰস্তুতি ছুটিতে যাইবেন।

২৪। অধ্যায়ন ছুটি।—(১) সংস্থাৰ চাকুৱাঁ জন্য সহায়ক হইতে পাৰে এইরূপ ধিয়ৰাবি অধ্যায়ন অথবা বিশেষ প্ৰশিক্ষণ কোৰ্সে অংশ গ্ৰহণেৰ জন্য কোন কৰ্মচাৰীকে বিধিমালার ১৫(৩) বিধি অনুসৱে উপযুক্ত কৰ্তৃপক্ষ অধৰ্ম বেতনে অনধিক বাৰ মাস অধ্যায়ন ছুটি মজুর কৰিতে পাৰে এবং এইরূপ ছুটি তাহার ছুটিৰ হিসাব হইতে বাদ দেওয়া যাইবে না।

(২) যে ক্ষেত্ৰে কোন কৰ্মচাৰীকে নিৰ্দিষ্ট সময়েৰ জন্য কোন অধ্যায়ন ছুটি মজুর কৰা হৈ এবং তিনি পৱনবতীকালে দোখিতে পান যে, মজুরীকৃত ছুটিৰ মেয়াদ তাহার অধ্যায়ন বা প্ৰশিক্ষণ বা পৰামীকার জন্য প্ৰয়োজনীয় মেয়াদ অপেক্ষা কম সেক্ষেত্ৰে তাহার আবেদনকৰ্ত্তৱ্য সময়েৰ স্বল্পতা প্ৰৱণকল্পে উপযুক্ত কৰ্তৃপক্ষ অনধিক এক বৎসৱেৰ জন্য উক্ত অধ্যায়ন ছুটিৰ মেয়াদ বৰ্ধিত কৰিতে পাৰিবে।

(৩) প্ৰথম বেতনে বা অধৰ্ম বেতনে ছুটি বা বিনা বেতনে অসাধাৱণ ছুটিৰ সহিত একত্ৰে অধ্যায়ন ছুটিৰ মজুর কৰা যাইতে পাৰে, তবে এইরূপ মজুরীকৃত ছুটি কোনভাৱেই একত্ৰে বোঝ নহৈ বৎসৱেৰ অধিক হইবে না।

২৫। নৈমিত্তিক ছুটি।—(১) সরকার সময়ে সময়ে উহার কর্মচারীদের অন্য প্রতি পঞ্জিকা বৎসরের মোট তত্ত্বান্ত নৈমিত্তিক ছুটি নির্ধারণ করিবে সংস্থার কর্মচারীগণ মোট তত্ত্বান্ত নৈমিত্তিক ছুটি পাইবেন।

(২) কোন কর্মচারীকে এক সংগে দশ দিনের বেশী নৈমিত্তিক ছুটি দেওয়া যাইবে না।

(৩) নৈমিত্তিক ছুটি মঙ্গল করিবার অন্য কোন আনন্দান্বিত আদেশ বা বিজ্ঞপ্তি জারী করিবার অথবা এই ছুটি চাকুরীর ব্যাপারে বহিতে লিপিবদ্ধ করিবার কোন প্রয়োজন হইবে না।

(৪) নৈমিত্তিক ছুটি প্রতিটি পঞ্জিকা বৎসরের মধ্যেই গ্রহণীয় হইবে। কোন পঞ্জিকা বৎসরের অব্যায়ত নৈমিত্তিক ছুটি এই বৎসরের ৩১শে ডিসেম্বর তারিখে তার্মাদি হইয়া যাইবে।

(৫) নৈমিত্তিক ছুটি সাম্প্রতিক বা সাধারণ ছুটির দিন সহ ধারাবাহিকতা রক্ষা করিয়া গ্রহণ করা যাইতে পারে, তবে নৈমিত্তিক ছুটির মধ্যবর্তী সময় সাম্প্রতিক ছুটির দিন বা সাধারণ ছুটির দিন হইলে, সমগ্র সময়টি (সাম্প্রতিক বা সাধারণ ছুটি সহ) নৈমিত্তিক ছুটি হিসাবে গণ্য হইবে যদি উহার পরিমাণ সর্বাধিক প্রাপ্য নৈমিত্তিক পরিমাণ অপেক্ষা বেশী না হয় এবং বেশী হইলে উক্ত সম্পূর্ণ সময়কাল, প্রাপ্যতা সাপেক্ষে, পূর্ণ বা অর্ধ বেতনে অর্জিত ছুটিতে পরিণত হইবে, এইরূপ ছুটি পাওনা না ধারিলে উহা বিনা বেতনে অসাধারণ ছুটিতে পরিণত হইবে।

(৬) নৈমিত্তিক ছুটি অন্য কোন ছুটির সহিত যুক্ত করা যাইবে না। নৈমিত্তিক ছুটির মেয়াদ বর্ধিত করা হইলে যদি সমগ্র সময়টি (প্রথমে মঙ্গলবৰ্ষীকৃত নৈমিত্তিক ছুটির সময় সহ) পাওনা এবং একবারে গ্রহণীয় নৈমিত্তিক ছুটির পরিমাণ অপেক্ষা বেশী হয়, তাহা হইলে উপবিধি (৫) অনুসারে অর্জিত ছুটিতে পরিণত হইবে এবং অন্য কোন প্রকার ছুটি পাওনা না ধারিলে বিনা বেতনে অসাধারণ ছুটিতে পরিণত হইবে।

(৭) বোগদানের দিনের সংগে যুক্ত করিয়া নৈমিত্তিক ছুটি গ্রহণ করা যাইবে না।

(৮) এক দফায় গ্রহণীয় নৈমিত্তিক ছুটি এক পঞ্জিকা বৎসর হইতে প্রবর্তী পঞ্জিকা বৎসরে সম্পূর্ণান্ত হইতে পারিবে :

তবে শীর্ষ থাকে যে উক্ত ছুটির সর্বাধিক পরিমাণ একবারে গ্রহণীয় নৈমিত্তিক ছুটির পরিমাণ অপেক্ষা বেশী হইবে না, এবং এই ছুটির যে কয়দিন ডিসেম্বর মাসে পাইবে সেই কয়দিনের নৈমিত্তিক ছুটি সংশ্লিষ্ট বৎসরে পাওনা ধারিতে হইবে এবং উক্ত ছুটির বাকী অংশ প্রবর্তী বৎসরের নৈমিত্তিক ছুটি হিসাবে ব্যায়িত হইবে।

২৬। ছুটি পর্যাতি।—(১) প্রত্যেক কর্মচারীর ছুটির হিসাব সংস্থা কর্তৃক নির্ধারিত নিয়ম, ইক ও পর্যাততে রক্ষণাবেক্ষণ করা হইবে।

(২) ছুটির অন্য সকল আবেদন সংস্থা কর্তৃক নির্ধারিত ফরমে অন্যথার সামা কাগজে উপবিধি কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

(৩) আবেদনকারী যে কর্মকর্ত্তার অধীনে কর্মসূত আছেন তাহার সংপারিশক্তিয়ে উপবিধি কর্তৃপক্ষ ছুটি মঙ্গল করিতে পারেন।

(৪) বিশেষ পরিস্থিতিতে কোন কর্মচারী যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, তাহার অধীনে কর্মরত কোন কর্মচারীর ছুটি পাওনা রহিয়াছে, তবে বিধি (২) এবং আন্তর্ণানিক মঙ্গলী আদেশ সাপেক্ষে, উক্ত কর্মচারীকে একবারে অন্তর্ধা ১৫ দিনের ছুটিতে যাইবার অনুমতি দিতে পারেন।

(৫) স্বাস্থ্যগত কারণে কোন কর্মচারীকে ছুটি মঙ্গল করিবার অথবা মঙ্গলীকৃত ছুটির মেয়াদ বাড়াইবার প্র্বে উপযুক্ত কর্তৃপক্ষ ইচ্ছা করিলে সংস্থা কর্তৃক নির্দেশিত কোন চিকিৎসা কর্তৃপক্ষের প্রত্যায়নপত্র সংগ্রহ করিবার নির্দেশ দিতে পারেন।

(৬) কোন কর্মচারীর অসুস্থতার ব্যাপ্তিরে সংস্থা কর্তৃক নির্দেশিত চিকিৎসা কর্তৃপক্ষের মতামত চাওয়া হইলে মেডিক্যাল সার্টিফিকেট এর ভিত্তিতে ছুটির আবেদন বা ছুটির মেয়াদ, ব্যাখ্যার আবেদন মঙ্গল করা যাইতে পারে।

(৭) সংস্থা কর্তৃক নির্দেশিত চিকিৎসা কর্তৃপক্ষের নিকট হইতে গ্রহীত মেডিক্যাল সার্টিফিকেট পেশ করা মাঝেই ছুটি প্রাপ্তির অধিকার অর্জিত হইবে না। ছুটি মঙ্গলকারী কর্তৃপক্ষের নিকট মেডিক্যাল সার্টিফিকেট পেশ করিয়া উক্ত কর্তৃপক্ষের নির্দেশের অপেক্ষায় ধার্কিতে হইবে।

(৮) বাংলাদেশের বাহিনী ছুটিতে অবস্থানকারী কোন কর্মচারীর চিকিৎসাগত কারণে ছুটির মেয়াদ ব্যাখ্যার আবেদনের সংগে সংশ্লিষ্ট চিকিৎসকের প্রত্যয়ন পত্র ব্যুক্ত করিতে হইবে এবং উক্ত কর্মচারী চিকিৎসকের স্বাক্ষর সত্যার্থিত করিবেন। প্রত্যয়নপত্রে অসুস্থতার প্রকৃতি এবং অসুস্থ কর্মচারীর শারীরিক অবস্থা বিস্তারিত বিবরণ ধার্কিতে হইবে।

২৭। ছুটিকালীন বেতন।—(১) কোন কর্মচারী প্রথম বেতনে ছুটিতে থাকাকালে উক্ত ছুটি আরম্ভের প্র্বে তিনি সর্বশেষ যে বেতন পাইয়াছেন সেই বেতনের সমান হারে ছুটিকালীন বেতন পাইবার অধিকারী হইবেন।

(২) কোন কর্মচারী অর্থ বেতনে ছুটিতে থাকাকালে উক্ত ছুটি আরম্ভের প্র্বে তিনি সর্বশেষ যে বেতন পাইয়াছেন সেই বেতনের অর্থ হারে ছুটিকালীন বেতন পাইবার অধিকারী হইবেন।

(৩) ছুটি যে দেশেই কাটানো হউক, ছুটির বেতন বাংলাদেশী টাকার বাংলাদেশে প্রাপ্ত হইবে।

তবে শর্ত ধাকে যে, বাতিক্রমী ক্ষেত্রে বাংলাদেশের বাহিনী ছুটি কাটাইবার বেলায় কোন কর্মচারী কর্তৃপক্ষের সুপরিশেখে, সরকার কর্তৃক আরোপিত শর্ত অন্তর্ধারী যদি ধাকে, ছুটির বেতন বা উহার অংশ বিশেষ বৈদেশিক মূদ্রায় প্রদান করিবার সিদ্ধান্ত উপযুক্ত কর্তৃপক্ষ গ্রহণ করিতে পারে।

২৮। ছুটি হইতে প্রত্যাবর্তন করানো।—ছুটি ভোগরত কোন কর্মচারীকে ছুটির মেয়াদ শেষ হইবার প্র্বে দায়িত্ব পালনের জন্য তলব করা যাইতে পারে এবং তাহাকে অন্তর্প্রভাবে তলব করা হইলে, তিনি যে কর্মসূলে ফিরিয়া আসিবার জন্য নির্দেশিত হইয়াছেন উহার উদ্দেশ্যে গ্রওয়ানা হওয়ার ক্ষারিখ হইতে তাহাকে কর্মরত বলিয়া গণ্য করা হইবে এবং এতদ্দেশ্যে ত্রয়ণের জন্য ভিলি ক্ষমত ভাতা ও অন্যান্য ভাতা পাইবার অধিকারী হইবেন।

২৯। ছুটি নগদয়ন।—(১) সকল কর্মচারী সংস্থার তাহার সম্পত্তি চাকুরীকালে প্রতি বৎসরে প্রত্যাখ্যাত বা অভোগক্ত ছুটির (নৈমিত্তিক ছুটি ব্যতীত) ৫০% নগদ টাকার রূপাল্পরিত করার জন্য অনুমতি পাইতে পারেন, তবে এইরূপ রূপাল্পরিত টাকার মোট পরিমাণ বার মাসের বেতন অপেক্ষা বেশী হওয়া চলবে না।

(২) সর্বশেষ মূল বেতনের ভিত্তিতে উপ-বিধি (১) এ উল্লিখিত ছুটি নগদ টাকার রূপাল্পরিত করা যাইবে।

(৩) কোন কর্মচারী চাকুরীরত অবস্থায় মৃত্যুবরণ করিলে মৃত্যুবরণের তারিখে তাহার অবস্থা প্রাপ্ত গণ্য করিয়া তাহার পাওনা ছুটির বদলে তাহার প্রাপ্ত নগদ অর্থ তাহার পরিবারকে প্রদান করা হইবে।

ব্যাখ্যা : “পরিবার” বলিতে পারিবারিক অবসরভাবী প্রদান নিমিত্তে প্রযোজ্য বিধিতে পরিবারকে যে অর্থে বোঝানো হইবাছে তাহা বুঝাইবে।

পঞ্চম অধ্যায়

ভাতা, ইত্যাদি

৩০। ক্ষমণ ভাতা।—কোন কর্মচারী বাংলাদেশের অভ্যন্তরে তাহার দায়িত্ব পালনাথে ক্ষমণ-কালে বা বদলী উপলক্ষে প্রয়োজন কর্তৃক সরকার ও সরকারের নির্দেশাবলীর আলোকে সংস্থা কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত হার ও শর্ত বলী অন্যায়ী ক্ষমণ ভাতা ও দৈনিক ভাতার অধিকারী হইবেন।

৩১। সম্মানী ভাতা।—(১) সংস্থা কোন কর্মচারীকে সামাজিক প্রকৃতির এবং শ্রমসাধ্য কার্য সম্পাদনের জন্য অথবা বিশেষ মেধার প্রয়োজন হয় এমন নব প্রবর্তনমূলক বা গবেষণা ও উন্নয়নমূলক কর্ম সম্পাদনের জন্য সম্মানী হিসাবে নগদ অর্থ বা অন্য কোন প্রস্তরাবরণ প্রদানের যৌক্তিকতা থাকিলে উক্ত সম্মানী প্রদান করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এর অধীনে কোন সম্মানী মঞ্জুর করা হইবে না, যদি এতদূর্দেশ্যে গঠিত কর্মিত কর্তৃক তাহা সূপারিশ না করা হয়।

৩২। দায়িত্ব ভাতা।—কোন কর্মচারী উপযুক্ত কর্তৃপক্ষের আদেশক্রমে কমপক্ষে ২১ দিনের জন্য তাহার নিজ দায়িত্বের অর্তিবৃত্ত দায়িত্ব হিসাবে সম্মানের অথবা উচ্চতর কোন পদের দায়িত্ব পালন করিলে তাহাকে মূল বেতনের শতকরা ২০ ভাগ হারে দায়িত্ব ভাতা প্রদান করা হইবে, তবে এতদ্বারা সরকারী নৌতিয়ালা সাপেক্ষে এই প্রবিধান অনুসরণ করা হইবে।

৩৩। উৎসব ভাতা।—সরকারী নির্দেশের আলোকে সংস্থা কর্তৃক এতদূর্দেশ্যে সময় সময় আরীক্ত আদেশ মোড়াবেক সংস্থার কর্মকর্তা ও কর্মচারীগণকে উৎসব ভাতা প্রদান করা যাইতে পারে।

বন্ধু অধ্যায়

চাকুরীর ব্যাখ্যা

৩৪। চাকুরীর ব্যাখ্যা।—(১) প্রত্যেক কর্মচারীর চাকুরীর ব্যাখ্যা প্রথকভাবে রক্ষণ-
বেক্ষণ করা হইবে এবং উক্ত ব্যাখ্যা সংস্থা বা সরকার কর্তৃক প্রণীত ছক অনুযায়ী একটি চাকুরী
বাহিতে সংরক্ষিত থাকিবে।

(২) কোন কর্মচারী এতদুদ্দেশ্যে কর্তৃপ্রাপ্ত কর্মকর্তার উপস্থিতিতে প্রতি বৎসরে একবার
তাহার চাকুরী বহি দেখিতে পারিবেন এবং এই রূপ দেখিবার পর উহাতে লিপিবদ্ধ বিষয়াদি
সঠিক ও সম্পূর্ণ বলিয়া উল্লেখপ্রক তারিখসহ স্বাক্ষর করিবেন।

(৩) যদি কোন কর্মচারী তাহার চাকুরী বহি দেখিবার সময় উহাতে কোন বিষয় ঘৃটিপ্রম-
ভাবে লিপিবদ্ধ হইয়াছে বা বাদ পড়িয়াছে বলিয়া মনে করেন তাহা হইলে তিনি উহা সংশোধনের
জন্য পনের দিনের মধ্যে বিষয়টি লিখিতভাবে কর্তৃপ্রাপ্ত কর্মকর্তার দ্বিতীয় গোচর করিবেন এবং
উক্ত কর্মকর্তা চাকুরী বাহিতে প্রয়োজনীয় সংশোধন করিয়া বিষয়টি উক্ত কর্মচারীকে লিখিতভাবে
অবহিত করিবেন।

৩৫। বার্ষিক প্রতিবেদন।—(১) সংস্থা ইহার সকল শ্রেণীর কর্মচারী কর্তৃক সম্পাদিত
কাৰ্য এবং তাহাদের আচরণ সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন প্রশংসন পৰ্যাপ্ত প্রস্তুত করিবে এবং উক্ত
প্রতিবেদন বার্ষিক গোপনীয় প্রতিবেদন নামে অভিহিত হইবে। বিশেষ ক্ষেত্রে প্রয়োজনবোধে
সংস্থা ইহার কোন নির্দিষ্ট কর্মচারীর বিশেষ গোপনীয় প্রতিবেদন প্রতিবেদনকারী কর্মকর্তার
নিকট হইতে চাহিতে পারিবে।

(২) সংশ্লিষ্ট বৎসরের বার্ষিক গোপনীয় প্রতিবেদন প্রয়োগতী পাইকা বর্ষের প্রথম মাসের
মধ্যে সংশ্লিষ্ট কর্মকর্তা লিখন ও প্রেরণ সম্পন্ন কৰিবাবেন যাই উক্ত কর্মকর্তা বৃক্ষসংগ্রহ কার্য
ব্যাপকে তাহা না করেন তবে উক্ত বার্ষিক অসদাচরণ বলিয়া গণ্য হইবে।

(৩) জ্বাল কর্মচারী তাহার গোপনীয় প্রতিবেদন দ্বীপত্তি পারিবেন না কিন্তু উহাতে
মেল বিরূপ মন্তব্য থাকিলে উহার কৈকীয়ন্ত প্রদাল কিংবা তাহার নিজেকে সংশোধনের সূচোগ
লেওয়ার জন্য তাহাতে উৎসম্পত্তি অবহিত কৰিতে হইবে।

৩৬। বিষ্঵স্ততা ও গোপনীয়তার ঘোষণাপত্র—(১) সংস্থার চাকুরীতে ঘোষণালোকের সঙ্গে
সংগেই প্রত্যেক কর্মকর্তা ও কর্মচারী সংস্থা বা সরকার কর্তৃক প্রণীত ছকে বিষ্঵স্ততা ও
গোপনীয়তার একটি ঘোষণাপত্রের দ্বাইটি অন্তৰ্লিপি অবশাই দাখিল করিবেন।

(২) এই ঘোষণাপত্রের একটি অন্তৰ্লিপি সংশ্লিষ্ট কর্মকর্তা বা কর্মচারীর চাকুরীর
ব্যাখ্যা বাহিতে এবং অপর একটি অন্তৰ্লিপি সংস্থা কর্তৃক নির্ধারিত পৰ্যাপ্ততে রাখিক্ত
আক্তবে।

সপ্তম অধ্যায়

সাধারণ আচরণ ও শংখলা

৩৭। আচরণ ও শংখলা।—(১) প্রত্যেক কর্মচারী—

- (ক) এই বিধিমালা অনুযায়ী কাজ করিবেন এবং ইহা মানিয়া চালিবেন;
- (খ) যে ব্যক্তি বা ব্যক্তিগোষ্ঠীর একটিয়ার, তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণে আপাততঃ কর্ম নিরোজিত রাখিয়াছেন তাহার বা তাহাদের স্থায়ী সময়ে প্রদত্ত সকল আইনানুগ আদেশ ও নির্দেশ পালন করিবেন এবং মানিয়া চালিবেন; এবং
- (গ) বিষয়স্ততা, সততা ও অধ্যবসায়ের সহিত প্রতিষ্ঠানের চাকুরী করিবেন।

(২) কোন কর্মচারী—

- (ক) কোন রাজনৈতিক আন্দোলনে অংশগ্রহণ করিবেন না, ইহার সাহায্যার্থে চাঁদামান বা অন্য কোন উপায়ে উহার সহায়তা করিবেন না এবং সংস্থা বা রাষ্ট্রের স্বার্থের পরিপন্থী কোন কার্যকলাপে নিজেকে জড়িত করিবেন না;
- (খ) তাহার অব্যবহিত উর্ধ্বতন কর্মকর্তার প্র্বন্দনমূলি বাতিলেরেকে দায়িত্বে অনুপস্থিত থাকিবেন না কিংবা চাকুরীসহ তাগ করিবেন না।
- (গ) সংস্থার সহিত লেনদেন রাখিয়াছে কিংবা লেনদেন থাকার সম্ভাবনা রাখিয়াছে এমন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হইতে এমন কোন উপহার বা দান গ্রহণ করিবেন না যাহা তাহার দায়িত্ব ব্যথাযথভাবে পালনের ফলে তাহাকে কোনভাবে প্রভাবিত করিতে পারে;
- (ঘ) কোন কোম্পানীর এজেন্ট হিসাবে কাজ করিবেন না;
- (ঙ) কোন ব্যবসায়ের কাজে নিরোজিত হইবেন না কিংবা নিজে কোন ব্যক্তির প্রতিনিধি হিসাবে অনুরূপ কোন ব্যবসা পরিচালনা করিবেন না;
- (ট) উপর্যুক্ত কর্তৃপক্ষের প্র্বন্দনমূলি বাতিলেরেকে, বাহিনীর কোন অবৈতনিক বা বৈতনিক চাকুরী গ্রহণ করিবেন না; এবং
- (ছ) উপর্যুক্ত কর্তৃপক্ষের অনুরোদন ব্যতৌ কোন খণ্ডকালীন কার্যের দায়িত্ব গ্রহণ করিবেন না।

(৩) কোন কর্মচারী সংস্থা বা উহার কোন সদস্যের নিকট কোন ব্যক্তিগত নিবেদন পেশ করিতে পারিবেন না; কোন নিবেদন থাকিলে, তাহা কর্মচারীর অব্যবহিত উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে পেশ করিতে হইবে।

(৪) কোন কর্মচারী তাহার চাকুরী সম্পর্কিত কোন দাবীর সমর্থনে সংস্থা বা উহার কোন কর্মকর্তার উপর রাজনৈতিক বা বাহিনীর কোন প্রভাব বিস্তার করিবেন না অথবা বিস্তারের চেষ্টা করিবেন না।

(৫) কোন কর্মচারী তাহার চাকুরীর কোন বিষয়ে হস্তক্ষেপ করার জন্য সরাসরি কোন ছলুকী বা সংসদ সদস্য বা অন্য কোন বেসরকারী বা সরকারী ব্যক্তির শরণাপাম হইবেন না।

(৬) কোন কর্মচাৰী সংস্থাৰ বিষয়াদি সম্পর্কে সংবাদপত্ৰ বা কোন গধ-মাধ্যমেৰ সহিত সন্মুখীন কোন যোগাযোগ স্থাপন কৰিবেন না; এইৱেপ যোগাযোগেৰ প্ৰয়োজন হইলে উপবন্ধুত্ব কৰ্তৃপক্ষেৰ অনুমতি লইতে হইবে।

(৭) প্ৰতোক কর্মচাৰী অভ্যাসগতভাৱে শপঘণ্টহতা পৰিহাৰ কৰিবেন।

৩৮। সম্ভেদৰ ভিত্তি।—(১) কৰ্তৃপক্ষেৰ মতে যদি কোন কর্মচাৰী—

- (ক) তাহাৰ দায়িত্ব পালনে অবহেলাৰ দায়ে দোষী হন, অথবা
 - (খ) অসদাচৰণেৰ দায়ে দোষী হন, অথবা
 - (গ) পলায়নেৰ দায়ে দোষী হন, অথবা
 - (ঘ) অদক্ষ হন অথবা দক্ষতা হারাইয়া ফেলেন, অথবা
 - (ঙ) নিম্নবৰ্ণিত কাৱণে দূনীতিপৰায়ণ হন বা যুক্তিসংগতভাৱে দূনীতিপৰায়ণ বলিয়া বিবেচিত হন, যথা :—
 - (অ) তিনি বা তাহাৰ কোন পোষ্য বা তাহাৰ মাধ্যমে বা তাহাৰ পক্ষে অন্য কোন বাণিজ্য তাহাৰ প্ৰকাশ্য আয়েৰ উৎসেৰ সহিত অসংগতিপূৰ্ণ এইৱেপ অৰ্থ সম্পদ বা সম্পত্তি দখলে রাখেন এবং তাহা অৰ্জনেৰ যৌক্তিকতা দেখাইতে তিনি ব্যৰ্থ হন, অথবা
 - (আ) তাহাৰ প্ৰকাশ্য আয়েৰ সংগে সংগতি রক্ষা না কৰিয়া জীবনব্যাপন কৰেন, অথবা
 - (ঞ) চৰি, আঝসাং, তহৰিল তসৱুপ বা প্ৰতাৱণার দায়ে দোষী হন, অথবা
 - (ছ) সংস্থা বা রাষ্ট্ৰেৰ বিৱৰণ্যে নাশকতামূলক বা ক্ষতিকৰ কাৰ্য লিপ্ত হন, বা অন্যৱেপ কাৰ্য লিপ্ত রহিয়াছেন বলিয়া সন্দেহ কৰাৰ বৃক্তিসংগত কাৱণ থাকে, অথবা এইৱেপ অন্যান্য বাণিজ্য সহিত সংশ্লিষ্ট রহিয়াছেন বলিয়া সন্দেহ কৰাৰ বৃক্তিসংগত কাৱণ থাকে বৈ, উক্ত অন্যান্য বাণিজ রাষ্ট্ৰ বা সংস্থাৰ বিৱৰণ্যে নাশকতামূলক বা ক্ষতিকৰ কাৰ্য লিপ্ত রহিয়াছেন এবং বে কাৱণে তাহাকে চাকুৱাতে রাখা প্ৰতিষ্ঠান বা জাতীয় নিৱাপনার জন্য ক্ষতিকৰ বলিয়া বিবেচিত হয়;
- তাহা হইলে কৰ্তৃপক্ষ উক্ত কর্মচাৰীৰ উপৰ এক বা একাধিক দণ্ডাবোপ কৰিতে পাৱে।

৩৯। সম্ভসম্ভুহ।—(১) এই বিধিমালাৰ অধীনে নিম্নোক্ত সম্ভসম্ভুহ আৱোপযোগ হইবে, যথা :—

- (ক) নিম্নোক্ত লঘুদণ্ড :—

 - (অ) তিৰস্কাৰ;
 - (আ) নিৰ্দিষ্ট মেয়াদেৰ জন্য পদোন্নতি বা বেতন বৰ্ধন স্থাগিত রাখা;
 - (ই) ৭ (সাত) দিনেৰ মূল বেতনেৰ সমপৰিমাণ টাকা কৰ্তন;

- (খ) নিম্নোক্ত গ্ৰহণদণ্ড :—

 - (অ) নিম্নপদে বা নিম্নতৰ বেতনকৰ্ত্তৱ্যে বা বেতনকৰ্ত্তৱ্যেৰ নিম্নস্তৱে অবনতকৰণ;

- (আ) কর্মচারী কর্তৃক সংঘটিত শুখলাজীনত অপরাধের কারণে সংঘটিত আর্থিক ক্ষতির অংশবিশেষ বা সম্পূর্ণ তাহার বেতন বা অন্য কোন খাতের পাওনা বা তাহার সম্পত্তি হইতে আদর্শকরণ;
- (ই) বাধ্যতামূলক অবসর প্রদান;
- (ঈ) চাকুরী হইতে অপসারণ;
